



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাবি জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩১ জুলাই ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন জলাশয়ে আজ মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বেলা সাড়ে বারোটায় বিশ্ববিদ্যালয়ের স্কুল ও কলেজ সংলগ্ন পুকুর এবং বিশ্ববিদ্যালয় ক্লাবের দক্ষিণ পাশে মৎস্য অধিদপ্তর প্রদত্ত রুই, কাতলা ও মৃগেল মাছের পোনা অবমুক্ত করণের মাধ্যমে এ কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, রেজিস্ট্রার (চুক্তি ভিত্তিক) রহিমা কানিজ, ভারপ্রাপ্ত প্রক্টর আ.স.ম. ফিরোজ-উল-হাসান, মৎস্য অধিদপ্তরের পরিচালক ড. মোহা. সাইনার আলম, উপ-পরিচালক (প্রশাসন) সৈয়দ মো. আলমগীর, ঢাকা বিভাগীয় উপ-পরিচালক মো. জিল্লুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা বি এম মোস্তফা কামাল প্রমুখ উপস্থিত ছিলেন।

মৎস্য অধিদপ্তরের পরিচালক ড. মোহা. সাইনার আলম বলেন, জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে অনুদান হিসেবে ৪০ কে.জি. মাছের পোনা দেয়া হবে। এসব পোনা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত পুকুর ও জলাশয়ে ছাড়া হবে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

